

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৯
প্রজ্ঞাপন

তারিখ : ০৪ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/১৮ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নম্বর ২০৮-আইন/২০১৯।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ২১৪ এর উপ-ধারা—

- (ক) (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ নূতন ৩ (তিন) টি শ্রম আদালত স্থাপন করিল, যথা :—
- (১) শ্রম আদালত, সিলেট;
 - (২) শ্রম আদালত, বরিশাল; এবং
 - (৩) শ্রম আদালত, রংপুর; এবং
- (খ) (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উহার ২৪ আশ্বিন ১৪১০ বঙ্গাব্দ মোতাবেক ৯ অক্টোবর ২০০৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৯০-আইন/২০০৩ এবং ১০ মাঘ ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ২৩ জানুয়ারি ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৩১-আইন/২০১২ রহিত করিয়া, নিম্ন তফসিলের কলাম (২) এ উল্লিখিত শ্রম আদালতসমূহের এখতিয়ার কলাম (৩) এ উল্লিখিত জেলা, ও ক্ষেত্রমত, থানায় এতদ্বারা নির্ধারণ ও পুনঃনির্ধারণ করিল, যথা :—

তফসিল

ক্রমিক নং	শ্রম আদালতের নাম	এখতিয়ার
(১)	(২)	(৩)
১।	প্রথম শ্রম আদালত, ঢাকা	মানিকগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, মুন্সিগঞ্জ ও নরসিংদী জেলা এবং ঢাকা জেলার কেরানীগঞ্জ, দোহার, সাভার, তেজগাঁও, নবাবগঞ্জ, ধামরাই, রমনা, গুলশান, শাহবাগ, শেরে বাংলানগর, পল্টন, কাফরুল, হাতিরঝিল ও বনানী থানা;

(১৮৭৫৯)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	শ্রম আদালতের নাম	এখতিয়ার
(১)	(২)	(৩)
২।	দ্বিতীয় শ্রম আদালত, ঢাকা	ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, শরিয়তপুর, গোপালগঞ্জ ও গাজীপুর জেলা এবং ঢাকা জেলার সবুজবাগ, কোতয়ালী, মতিঝিল, সূত্রাপুর, ডেমরা, শ্যামপুর, খিলগাঁও, বংশাল, ওয়ারী, যাত্রাবাড়ী, কদমতলী, রামপুরা, বাড্ডা, গেভারিয়া, শাহজাহানপুর, মুগদা ও ভাটারা থানা;
৩।	তৃতীয় শ্রম আদালত, ঢাকা	ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা ও নারায়ণগঞ্জ জেলা এবং ঢাকা জেলার লালবাগ, মোহাম্মদপুর, ধানমন্ডি, মিরপুর, পল্লবী, ক্যান্টনমেন্ট, উত্তরা পূর্ব, উত্তরা পশ্চিম, হাজারিবাগ, কামরাজীরচর, নিউমার্কেট, আদাবর, শাহআলী, তুরাগ, খিলক্ষেত, কলাবাগান, দারুসসালাম, চকবাজার, শিল্পাঞ্চল, উত্তরখান, দক্ষিণখান, বিমানবন্দর, রূপনগর ও ভাষানটেক থানা;
৪।	প্রথম শ্রম আদালত, চট্টগ্রাম	চট্টগ্রাম জেলা (ডবলমুরিং, সদরঘাট, বাকুলিয়া ও চাঁদগাঁও থানা ব্যতীত), নোয়াখালী, লক্ষ্মীপুর, কক্সবাজার, বান্দরবান, রাজামাটি ও খাগড়াছড়ি জেলা;
৫।	দ্বিতীয় শ্রম আদালত, চট্টগ্রাম	চট্টগ্রাম জেলার ডবলমুরিং, সদরঘাট, বাকুলিয়া ও চাঁদগাঁও থানা, চাঁদপুর, ফেনী, কুমিল্লা এবং ব্রাহ্মণবাড়িয়া জেলা;
৬।	শ্রম আদালত, খুলনা	খুলনা বিভাগের সকল জেলা;
৭।	শ্রম আদালত, রাজশাহী	রাজশাহী বিভাগের সকল জেলা;
৮।	শ্রম আদালত, সিলেট	সিলেট বিভাগের সকল জেলা;
৯।	শ্রম আদালত, বরিশাল	বরিশাল বিভাগের সকল জেলা; এবং
১০।	শ্রম আদালত, রংপুর	রংপুর বিভাগের সকল জেলা।

২। দফা (খ) এ উল্লিখিত রহিতকৃত প্রজ্ঞাপন দ্বারা ইতোপূর্বে নির্ধারিত অধিক্ষেত্রভুক্ত কোনো শ্রম আদালতে কোনো মামলা বা কার্যধারা বিচারাধীন বা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে চলমান ও নিষ্পন্ন হইবে যেন এই প্রজ্ঞাপন জারি করা হয় নাই।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মহিদুর রহমান
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd